# প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২

তথ্য অধিদফতর

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

# প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২

তথ্য অধিদফতর
**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২


**পরিকল্পনা ও সার্বিক তত্ত্বাবধান : মো. শাহেনুর মিয়া**
প্রধান তথ্য অফিসার

**সম্পাদনা : পরীক্ষিৎ চৌধুরী**
সিনিয়র তথ্য অফিসার

**এ এম ইমদাদুল ইসলাম**
সিনিয়র তথ্য অফিসার

**প্রকাশকাল : জানুয়ারি ২০২৩**

**মূল্য : ৫০ টাকা**

**প্রচ্ছদ**
ইমদাদ ইসলাম
মাহফুজুল ইসলাম

**মুদ্রণ : মিতু প্রিন্টিং এন্ড প্যাকেজিং**
১০/১ নয়াপল্টন, ঢাকা

**তথ্য অধিদফতর**
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

বুধবার, আগস্ট ২৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**

**প্রেস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৯/২২ আগস্ট ২০২২

নং ১৫.০০.০০০০.০২০.১৮.০৪৮.১৮.৩২০

## প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২

### ০১। উপক্রমণিকা

সরকারের উন্নয়ন কর্মকাণ্ডসহ যাবতীয় কার্যাবলির সংবাদ সংগ্রহপূর্বক সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ বা প্রচার করা কর্মরত সাংবাদিকদের পেশাগত দায়িত্ব। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়সহ সরকারি দপ্তরসমূহের সংবাদ সংগ্রহের সুবিধার্থে কর্মরত সাংবাদিকদের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান

করা হয়। সরকারের কার্যাবলির তথ্য সংগ্রহের উদ্দেশ্যে বাংলাদেশের অভ্যন্তরে দেশি ও বিদেশি গণমাধ্যম প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশি সাংবাদিকদের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর বিদ্যমান নীতিমালা যুগোপযোগী করার উদ্দেশ্যে **'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২'** প্রণয়ন করা হলো।

**০২। সংক্ষিপ্ত শিরোনাম**

এ নীতিমালা 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২' হিসেবে অভিহিত হবে।

**০৩। প্রযোজ্যতা ও অধিক্ষেত্র**

৩.১। এ নীতিমালা সমগ্র বাংলাদেশে সংবাদ সংগ্রহ ও প্রকাশ বা প্রচারের কাজে নিযুক্ত ও প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড পাওয়ার উপযুক্ত দেশি ও বিদেশি গণমাধ্যম প্রতিষ্ঠানে সংবাদকর্মী হিসেবে কর্মরত বাংলাদেশিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩.২। এ নীতিমালা প্রজ্ঞাপন জারির তারিখ থেকে কার্যকর হবে ।

**০৪। সংজ্ঞা**

৪.১। 'সংবাদপত্র' বলতে 'The Printing Press & Publication (Declaration & Registration) Act, 1973'-এর আওতায় সরকার অনুমোদিত এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি)-এর মিডিয়া তালিকাভুক্ত প্রতিদিন কিংবা নির্দিষ্ট সময় অন্তরে প্রকাশিত মুদ্রিত প্রকাশনাকে বোঝাবে। তবে, কোনো গোষ্ঠীর স্বার্থ সংশ্লিষ্ট প্রকাশনাকে বোঝাবে না।

৪.২। 'ইলেক্ট্রনিক মিডিয়া' বলতে সরকার তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সরকারি/বেসরকারি টেলিভিশন চ্যানেল, বেতার এবং এফএম রেডিও-কে বোঝাবে।

৪.৩। ‘অনলাইন নিউজ পোর্টাল বলতে নিউজ পোর্টাল’ বলতে সরকার তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ও নিবন্ধিত ইন্টারনেটভিত্তিক সংবাদ মাধ্যমকে বোঝাবে।

৪.৪। ‘এফএম রেডিও’ বলতে ‘বেসরকারি মালিকানায় বেতার কেন্দ্র স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১০’ এর আওতায় সরকার তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত রেডিওকে বোঝাবে।

৪.৫। ‘গণমাধ্যম’ বলতে প্রিন্ট, ইলেক্ট্রনিক এবং অনলাইন যোগাযোগ মাধ্যমকে বোঝাবে, যা সমাজের ব্যাপক জনগোষ্ঠীর মাঝে সংবাদ ও তথ্য পরিবেশনের মাধ্যমে জনমত গঠনে কার্যকর ভূমিকা রাখবে।

৪.৬। ‘প্রধান তথ্য অফিসার বা পিআইও’ বলতে বাংলাদেশ সরকারের তথ্য অধিদফতরের প্রধান তথ্য অফিসারকে বোঝাবে।

৪.৭। ‘কর্মরত সাংবাদিক’ বলতে সরকার অনুমোদিত কিংবা নিবন্ধিত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া এবং অনলাইন নিউজ পোর্টালে/ ডিজিটাল নিউজ পোর্টাল সার্বক্ষণিক সাংবাদিকতা পেশায় নিযুক্ত ব্যক্তিকে বোঝাবে।

৪.৮। ‘ফ্রিল্যান্স সাংবাদিক’ বলতে যিনি সার্বক্ষণিক সাংবাদিক নন, তবে সংবাদ মাধ্যমে নিবন্ধ, প্রতিবেদন, ছবি বা সংবাদ প্রেরণ সম্পর্কিত কার্যাবলি সম্পাদন করেন এরূপ ব্যক্তিকে বোঝাবে।

৪.৯। ‘স্ট্রিঙ্গার’ বলতে কোনো বিদেশি সংবাদ মাধ্যমের বাংলাদেশি প্রতিনিধিকে বোঝাবে। তবে, বিদেশি সংবাদ মাধ্যমে কর্মরত বাংলাদেশস্থ বিদেশি নাগরিককে বোঝাবে না।

৪.১০। ‘প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড’ বলতে বাংলাদেশে শুধুমাত্র সংবাদ সংগ্রহ ও পরিবেশনের জন্য চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি)-এর মিডিয়া তালিকাভুক্ত সংবাদপত্র ও সাময়িকী, সরকার অনুমোদিত টেলিভিশন, বেতার, এফএম রেডিও এবং নিবন্ধিত অনলাইন নিউজ

পোর্টালের/ ডিজিটাল নিউজ পোর্টালের প্রতিনিধি এবং বিদেশি গণমাধ্যমের বাংলাদেশস্থ প্রতিনিধি হিসেবে কর্মরত বাংলাদেশি সাংবাদিকদের অনুকূলে ইস্যুকৃত কার্ডকে বোঝাবে। সরকার অনুমোদিত সংবাদ সংস্থাও এর অন্তর্ভুক্ত হবে।

৪.১১। ‘প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি’ বলতে কর্মরত সাংবাদিকের অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর লক্ষ্যে এ নীতিমালার ৫.১ উপানুচ্ছেদ মোতাবেক গঠিত কমিটিকে বোঝাবে।

## ০৫। প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির গঠন এবং কার্যপরিধি

৫.১। নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে ‘প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি’ গঠিত হবে:

| | |
|---|---|
| ক) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর | সভাপতি |
| খ) মহাপরিচালক, জনকূটনৈতিক বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| গ) মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | সদস্য |
| ঘ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ঙ) জননিরাপত্তা বিভাগ কর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| চ) সরকার কর্তৃক মনোনীত সংবাদপত্রের ০১ (এক) জন সম্পাদক বা উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ছ) সরকার কর্তৃক মনোনীত বেসরকারি ইলেকট্রনিক মিডিয়ার ০১ (এক) জন বার্তা সম্পাদক/ বার্তা প্রধান বা উপযুক্ত প্রতিনিধি | সদস্য |

| | |
|---|---|
| জ) সরকার কর্তৃক নিবন্ধিত অনলাইন নিউজ পোর্টালের/ ডিজিটাল নিউজ পোর্টালের ০১ (এক) জন প্রকাশক বা উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ঝ) সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল), তথ্য অধিদফতর | সদস্য সচিব |

**৫.২। কমিটির কার্যপরিধি**

ক) প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু ও নবায়নের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

খ) প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড সংক্রান্ত সকল আপত্তি/ অভিযোগ, শুনানি ও নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

গ) প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালায় প্রয়োজনীয় সংযোজন, সংশোধন ও পরিমার্জনের বিষয়ে সুপারিশ প্রণয়ন করবে।

৫.৩। প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি প্রতি তিন মাসে ন্যূনতম একবার সভায় মিলিত হবে। তবে প্রয়োজন অনুযায়ী একাধিকবার সভা আহ্বান করা যাবে।

**০৬। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর সাধারণ শর্তাদি :**

৬.১। এ নীতিমালার আওতায় চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মিডিয়া তালিকাভুক্ত সংবাদপত্র ও সাময়িকী, সংবাদ সংস্থা, সরকার অনুমোদিত টেলিভিশন, বেতার, এফএম রেডিও এবং নিবন্ধিত অনলাইন নিউজ পোর্টালে/ডিজিটাল নিউজ পোর্টালে কর্মরত সম্পাদক, বার্তা প্রধান, বার্তা সম্পাদক, সাংবাদিক, রিপোর্টার ও ক্যামেরাপার্সন/ ভিডিও জার্নালিস্টদের অ্যাক্রিডিটেশন কার্ড

প্রদান করা হবে। এছাড়া নিউজ নেটওয়ার্ক বা অডিও ভিজ্যুয়াল কাভারেজের সাথে সম্পৃক্ত সরকারি নিউজ মিডিয়া সংস্থার প্রতিনিধি, ফ্রিল্যান্স সাংবাদিক এবং স্ট্রিঙ্গারও অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান কার্যক্রমের আওতাভুক্ত হবে।

৬.২। 'The Printing Press & Publication (Declaration & Registration) Act, 1973'-এর আওতায় সরকার অনুমোদিত ও ডিএফপি'র মিডিয়া তালিকাভুক্ত সংবাদপত্র এবং সম্প্রচারের জন্য সরকার অনুমোদিত টেলিভিশন চ্যানেল, বেতার ও এফএম রেডিওতে কর্মরত সাংবাদিক/সংবাদকর্মীদের অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা হয় বিধায় বর্ণিত গণমাধ্যমের নিবন্ধিত কোনো অনলাইন নিউজ পোর্টালে/ ডিজিটাল নিউজ পোর্টালে কর্মরত কোনো ব্যক্তিকে অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা হবে না।

৬.৩। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড কোনোক্রমেই হস্তান্তরযোগ্য নয়।

৬.৪। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী কোনো ব্যক্তি তাঁর ভিজিটিং কার্ড, লেটার হেড প্যাড বা চিঠি বা অন্য কোথাও 'বাংলাদেশ সরকার কর্তৃক প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্ত' কথাগুলো লিখতে পারবেন না ।

৬.৫। রাষ্ট্রীয় কোনো কর্মসূচির নিউজ কাভারেজ কিংবা অন্য কোনো পেশাগত দায়িত্ব পালনের জন্য আগত বিদেশি সাংবাদিকদের সাময়িকভাবে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা হলে দায়িত্বপালন শেষে ০৭ (সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে ইস্যুকৃত প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রধান তথ্য অফিসার বরাবর ফেরত দিতে হবে।

৬.৬ প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের সুবিধাপ্রাপ্ত সংবাদকর্মীরা সরকারের বিভিন্ন সংবাদ উৎস, তথ্য অধিদফতর এবং বাংলাদেশ সরকারের বিভিন্ন সংস্থা কর্তৃক ইস্যুকৃত সংবাদ ম্যাটেরিয়াল, স্থির চিত্র, অডিও ভিজ্যুয়াল কনটেন্ট ও লিখিত তথ্য প্রাপ্যতার ক্ষেত্রে বিদ্যমান আইনের বিধিবিধান অনুসরণপূর্বক প্রবেশাধিকার পাবেন।

৬.৭। স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু বা বাতিলের ক্ষেত্রে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। তবে প্রধান তথ্য অফিসার যৌক্তিক কারণে কোনো কার্ড ইস্যু, স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

৬.৮। কোনো আবেদনকারী বা সংবাদ মাধ্যম প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে অসত্য/প্রতারণামূলক/জাল তথ্য বা প্রমাণক সরবরাহ করলে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আবেদনকারী বা মিডিয়া প্রতিষ্ঠানকে সর্বনিম্ন ০২ (দুই) বছর এবং সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তি থেকে বঞ্চিত করা হবে।

৬.৯ প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী সাংবাদিকগণ রাষ্ট্রীয় কোনো আইন, বিধি বা নীতিমালা লঙ্ঘন করলে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি সংশ্লিষ্ট সাংবাদিকদের বিরুদ্ধে প্রচলিত আইন, বিধিবিধান ও নীতিমালা অনুসারে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। তবে, গুরুতর লঙ্ঘনের ক্ষেত্রে প্রধান তথ্য অফিসার তাৎক্ষণিকভাবে অভিযুক্ত সাংবাদিকের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল করতে পারবেন। এক্ষেত্রে, পরবর্তীতে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সভায় তা উপস্থাপন করতে হবে।

৬.১০। মিথ্যা, হয়রানিমূলক, রাষ্ট্রদ্রোহী বা সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী কোনো সংবাদ প্রচারের অভিযোগে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী কোনো সাংবাদিকের বিরুদ্ধে কোনো ফৌজদারি মামলা দায়ের হলে এবং উক্ত মামলায় অভিযোগপত্র দাখিল হলে সংশ্লিষ্ট সাংবাদিকের নামে ইস্যুকৃত অ্যাক্রিডিটেশন কার্ডটি প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি সাময়িকভাবে স্থগিত করতে পারবে এবং দোষী সাব্যস্ত হলে কমিটি কার্ডটি বাতিল করতে পারবে।

৬.১১। সাংবাদিকদের স্থায়ী ও অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড অতিসত্বর স্মার্ট কার্ডে প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

## ০৭। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির নিয়মাবলি

### ৭.১। অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির নিয়মাবলি :

৭.১.১। প্রত্যেক গণমাধ্যম প্রতিষ্ঠানকে তার সাংবাদিকের অনুকূলে অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু/ নবায়নের লক্ষ্যে সুপারিশ করার জন্য যিনি গণমাধ্যম প্রতিষ্ঠানের পক্ষে নিয়োজিত (assigned) হবেন, তার স্বাক্ষর ও সিলসহ নাম এবং পদবি উল্লেখ করে প্রতিষ্ঠানের প্যাডে প্রধান তথ্য অফিসার বরাবরে একটি পত্র প্রেরণ করতে হবে।

৭.১.২। অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির জন্য তথ্য অধিদফতর কর্তৃক নির্ধারিত আবেদন ফরমের সংরক্ষিত স্থানে প্রত্যেক গণমাধ্যম প্রতিষ্ঠানের পক্ষে শুধুমাত্র একজন নিয়োজিত (assigned) কর্মকর্তা কর্তৃক সুপারিশকৃত হতে হবে। নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত (assigned) কর্মকর্তা ছাড়া অন্য কেউ সুপারিশ করলে অ্যাক্রিডিটেশন কার্ডের আবেদন বিবেচনা করা হবে না।

৭.১.৩। অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের মেয়াদকালে আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশে বসবাস করতে হবে। তবে পেশাগত দায়িত্ব পালনে বাংলাদেশের বাইরে ভ্রমণে গেলে তাদের কর্মসূচি লিখিতভাবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার অনুবিভাগের মহাপরিচালক এবং প্রধান তথ্য অফিসারকে অবহিত করতে হবে। অনুমতি ব্যতিরেকে বিদেশ ভ্রমণ করলে এবং কোনো ধরনের অপেশাদার আচরণ, শৃঙ্খলা পরিপন্থি কিংবা বেআইনি কর্মকাণ্ডে জড়িত হলে বা এ ধরনের ঘটনার সাথে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেলে অভিযুক্ত সংবাদিক/গণমাধ্যম কর্মীর অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল হবে।

৭.১.৪। আবেদন করার সময় আবেদনকারীকে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের সাংবাদিকতার অভিজ্ঞতা থাকতে হবে।

৭.১.৫। দেশের অভ্যন্তরে বিদেশি মিডিয়ায় প্রতিনিধিত্বকারী বাংলাদেশি সাংবাদিকদের প্রথম প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর ক্ষেত্রে তথ্য অধিদফতর নির্ধারিত আবেদন ফরমে সুপারিশের স্থানে আবেদনকারীর নিয়োগকারী কর্তৃপক্ষের মূল স্বাক্ষর ও সিল থাকতে হবে। এছাড়া, নিয়োগকারী কর্তৃপক্ষের মূল স্বাক্ষর ও সিলযুক্ত নিয়োগপত্রের অনুলিপি/মূল প্রত্যয়নপত্রসহ অনুচ্ছেদ ৮-এ উল্লিখিত কাগজপত্র ও প্রমাণকসমূহ দাখিল করতে হবে। এ ধরনের কার্ড নবায়নের ক্ষেত্রেও কার্ড ইস্যুর অনুরূপ শর্তাবলি পূরণ করতে হবে। অন্যথায় কার্ড নবায়ন করা হবে না।

৭.১.৬। প্রধান তথ্য অফিসার প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু, নবায়ন অথবা প্রযোজ্য ক্ষেত্রে যে- কোনো সময় আবেদনের বিশ্বাসযোগ্যতা ও সত্যতা যাচাইয়ের জন্য যে-কোনো তথ্য চাইতে পারবেন।

৭.১.৭। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড হারিয়ে গেলে নিকটবর্তী থানায় সাধারণ ডায়েরি (জিডি) করতে হবে এবং এর অনুলিপি সংযুক্ত করে পুনরায় কার্ডের জন্য আবেদন করতে হবে। সেক্ষেত্রে, পুনরায় কার্ড ইস্যুর বিষয়টি প্রধান তথ্য অফিসার বিবেচনা করবেন ।

৭.১.৮। মেয়াদ উত্তীর্ণ হওয়ার ১৫ (পনেরো) দিনের মধ্যে অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড আবশ্যিকভাবে তথ্য অধিদফতরে জমা দিতে হবে। অন্যথায় পরবর্তীতে সংশ্লিষ্ট কার্ডধারীর অনুকূলে কোনো প্রকার প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু বা নবায়ন করা হবে না।

৭.১.৯। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর জন্য সংশ্লিষ্ট গণমাধ্যমকে প্রতিবছর ০৭ জানুয়ারির মধ্যে ন্যূনতম ০৬ (ছয়) মাসের জন্য সাংবাদিকগণের অপরিবর্তনীয় হালনাগাদ তালিকা প্রেরণ করতে হবে।

৭.১.১০। হালনাগাদ তালিকার সাথে তালিকার বাইরে থাকা সাংবাদিকদের নামে ইস্যুকৃত অ্যাক্রিডিটেশন কার্ড তথ্য অধিদফতরে ফেরত প্রদান করতে হবে।

৭.১.১১। কোনো গণমাধ্যম প্রতিষ্ঠান হালনাগাদ তালিকার বাইরে নতুন কোনো সাংবাদিকের অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর সুপারিশ করলে, আবেদনপত্রের সাথে যে সাংবাদিকের পরিবর্তে নতুন নাম সুপারিশ করা হবে, সেই সাংবাদিকের কার্ড ফেরত দিতে হবে। অন্যথায় পরিবর্তিত কার্ড ইস্যু করা হবে না ।

**৭.২। স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির নিয়মাবলি:**

৭.২.১। সাংবাদিক/সংবাদকর্মীগণ কমপক্ষে ০৫ (পাঁচ) বছর ধারাবাহিকভাবে অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ব্যবহার করলে স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন। সে ক্ষেত্রে, অনুচ্ছেদ ৮-এ উল্লিখিত কাগজপত্রসহ দুই সেট আবেদনপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োজিত (assigned) কর্মকর্তার মাধ্যমে তথ্য অধিদফতরে জমা দিতে হবে।

৭.২.২। স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর জন্য প্রাপ্ত আবেদনসমূহ প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি কর্তৃক যাচাইক্রমে সুপারিশমালা প্রণয়ন করবে।

৭.২.৩। প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি কর্তৃক প্রণীত সুপারিশমালা নিরাপত্তা ছাড়পত্রের লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৭.২.৪। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় জননিরাপত্তা বিভাগের মাধ্যমে সুপারিশকৃত সংবাদকর্মীর নিরাপত্তা ছাড়পত্র সংগ্রহ করে তথ্য অধিদফতরকে অবহিত করবে।

৭.২.৫। নিরাপত্তা ছাড়পত্রের ওপর ভিত্তি করে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি স্থায়ী কার্ড ইস্যুর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৭.২.৬। ইস্যুকৃত স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের মেয়াদ উত্তীর্ণ হলে নবায়নের জন্য আবেদন করতে হবে।

৭.২.৭। স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের অন্যান্য বিষয়াবলি অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের শর্তাবলির অনুরূপ প্রতিপালিত হবে।

৭.২.৮। স্থায়ী কার্ড প্রাপ্তির আবেদন কোনো কারণে নাকচ হলে সংশ্লিষ্ট আবেদনকারী প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির পুনর্বিবেচনার জন্য আবেদন করতে পারবেন।

৭.২.৯। স্থায়ী কার্ডের জন্য একজন অস্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ডধারীর আবেদন কোনো কারণে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি কর্তৃক অনুমোদিত না হলে, এর যৌক্তিক কারণ কমিটির সভার কার্যবিবরণীতে উল্লেখ করতে হবে।

## ০৮। অস্থায়ী ও স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু/ নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

৮.১। অস্থায়ী ও স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির জন্য নিম্নোক্ত ছক অনুসারে কাগজপত্র দাখিল করতে হবে।

| সংবাদপত্র | টেলিভিশন চ্যানেল | অনলাইন নিউজ পোর্টাল/ ডিজিটাল নিউজ পোর্টাল |
|---|---|---|
| ক) অস্থায়ী কার্ডের জন্য এক (০১) সেট ও স্থায়ী কার্ডের জন্য দুই (০২) সেট আবেদনপত্র<br>খ) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র/বৈধ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি।<br>গ) বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের নিয়োগপত্র | ক) অস্থায়ী কার্ডের জন্য এক (০১) সেট ও স্থায়ী কার্ডের জন্য দুই (০২) সেট আবেদনপত্র<br>খ) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র/বৈধ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি<br>গ) বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের গ) বর্তমানে কর্মরত নিয়োগপত্র | ক) অস্থায়ী কার্ডের জন্য এক (০১) সেট ও স্থায়ী কার্ডের জন্য দুই (০২) সেট আবেদনপত্র<br>খ) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি<br>গ) বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের নিয়োগপত্র |

| সংবাদপত্র | টেলিভিশন চ্যানেল | অনলাইন নিউজ পোর্টাল/ ডিজিটাল নিউজ পোর্টাল |
|---|---|---|
| ঘ) পাঁচ বছরের পেশাগত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ নিয়োগপত্র এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view) এবং<br>ঙ) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) থেকে মিডিয়া তালিকাভুক্তি ও সার্কুলেশন সংক্রান্ত তথ্যাদি জমা দিতে হবে। | ঘ) পাঁচ বছরের পেশাগত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ নিয়োগপত্র<br>ঙ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view) এবং<br>চ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সম্প্রচারের অনুমতি পত্র জমা দিতে হবে। তবে, পূর্ণাঙ্গ সম্প্রচার কার্যক্রম চালু না করা হলে কোনো টিভি চ্যানেলের সংবাদকর্মীর অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা হবে না। | ঘ) পাঁচ বছরের পেশাগত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ নিয়োগপত্র<br>ঙ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view)<br>চ) নিউজ পোর্টালের নিবন্ধন সনদ এবং<br>ছ) গুগল অ্যানালিটিকস অনুযায়ী ইউনিক ভিউয়ারস সংখ্যার রেকর্ড জমা দিতে হবে। |

**৮.২। অস্থায়ী ও স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড নবায়ন প্রাপ্তির জন্য নিম্নোক্ত ছক অনুসারে কাগজপত্র দাখিল করতে হবে।**

| সংবাদপত্র | টেলিভিশন চ্যানেল | অনলাইন নিউজ পোর্টাল/ ডিজিটাল নিউজ পোর্টাল |
|---|---|---|
| ক) অস্থায়ী ও স্থায়ী উভয় ক্ষেত্রেই এক (০১) সেট আবেদনপত্র<br>খ) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র/বৈধ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি | ক) অস্থায়ী ও স্থায়ী উভয় ক্ষেত্রেই এক (০১) সেট আবেদনপত্র<br>খ) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র/বৈধ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি | ক) অস্থায়ী ও স্থায়ী উভয় ক্ষেত্রেই এক (০১) সেট আবেদনপত্র<br>খ) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র/বৈধ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি |

| সংবাদপত্র | টেলিভিশন চ্যানেল | অনলাইন নিউজ পোর্টাল/ ডিজিটাল নিউজ পোর্টাল |
|---|---|---|
| গ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view)<br>ঘ) পূর্ববর্তী অ্যাক্রিডিটেশন কার্ডের এক কপি অনুলিপিপত্র জমা দিতে হবে। | গ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view),<br>ঘ) পূর্ববর্তী অ্যাক্রিডিটেশন কার্ডের এক কপি অনুলিপিপত্র জমা দিতে হবে। | গ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view)<br>ঘ) পূর্ববর্তী অ্যাক্রিডিটেশন কার্ডের এক কপি অনুলিপিপত্র এবং<br>ঙ) গুগল অ্যানালিটিকস অনুযায়ী ইউনিক ভিউয়ারস সংখ্যার রেকর্ড জমা দিতে হবে। |

৮.৩। অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের মেয়াদকাল হবে এক বছর এবং স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের মেয়াদকাল হবে তিন বছর। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডে ইস্যুর তারিখ ও মেয়াদ উত্তীর্ণের তারিখ পরিষ্কারভাবে উল্লেখ থাকতে হবে।

৮.৪। প্রধান তথ্য অফিসারের স্বাক্ষরে স্থায়ী ও অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু/নবায়ন করা হবে। নবায়নের জন্য নির্ধারিত ফরমে অনুচ্ছেদ ৮.১ বা ৮.২ অথবা ৮.৩-এ উল্লিখিত প্রমাণকসহ মেয়াদ উত্তীর্ণের ৩০ (ত্রিশ) দিন আগে আবেদন করা হলে তা নবায়ন করা হবে।

৮.৫। অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাংলা ও ইংরেজি উভয় ভাষায় এবং স্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড শুধু ইংরেজি ভাষায় মুদ্রিত হতে হবে।

## ০৯। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল/স্থগিত :

৯.১। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী সাংবাদিক/সংবাদকর্মী কর্মস্থল

পরিবর্তন করলে তার বর্তমান প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং তিনি নতুন কর্মস্থলের অনুকূলে অ্যাক্রিডিটেশন কার্ডের জন্য অনুচ্ছেদ ৮-এ উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে পারবেন।

৯.২। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী ব্যক্তি সংবাদ মাধ্যমের প্রতিনিধিত্ব করা থেকে বিরত থাকলে অথবা প্রতিষ্ঠানে কর্মরত না থাকলে, সংশ্লিষ্ট সংবাদ মাধ্যমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রধান তথ্য অফিসারকে লিখিতভাবে তা জানাবেন এবং ১৫ (পনেরো) দিনের মধ্যে ইস্যুকৃত প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড তথ্য অধিদফতরে ফেরত পাঠাবেন। অন্যথায় ভবিষ্যতে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর কার্যক্রম স্থগিত থাকবে।

৯.৩। কোনো গণমাধ্যমের প্রকাশনা বা সম্প্রচারের লাইসেন্স/নিবন্ধন বাতিল কিংবা বন্ধ হলে অথবা ডিএফপি মিডিয়া তালিকা থেকে বাদ গেলে অথবা গণমাধ্যম প্রতিনিধির মৃত্যুজনিত কারণে অথবা মিডিয়া থেকে চাকরিচ্যুত হলে অথবা গণমাধ্যমকর্মী পদত্যাগ করলে উক্ত গণমাধ্যমের প্রতিনিধির অনুকূলে প্রদত্ত প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডও বাতিল করা হবে।

৯.৪। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের অপব্যবহার হলে তা অপরাধ হিসেবে গণ্য হবে এবং এ ধরনের ঘটনায় প্রধান তথ্য অফিসার প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল করতে পারবেন ।

৯.৫। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী সাংবাদিক/সংবাদকর্মী বাংলাদেশ প্রেস কাউন্সিল কর্তৃক প্রণীত 'কোড অভ কনডাক্ট' অথবা সরকার কর্তৃক অনুমোদিত 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা'-র কোনো শর্ত লঙ্ঘন করলে তার অ্যাক্রিডিটেশন কার্ড স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে এবং বাতিল সংক্রান্ত আদেশ তথ্য অধিদফতর তাৎক্ষণিকভাবে জারি করবে।

৯.৬। এই নীতিমালার যে-কোনো শর্ত লঙ্ঘন করলে অথবা অন্য কোনো

যৌক্তিক কারণে প্রধান তথ্য অফিসার প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল বা স্থগিত করতে পারবেন।

৯.৭। কার্ডের মেয়াদ উত্তীর্ণের ১৫ (পনেরো) দিনের মধ্যে যে সকল সাংবাদিক/সংবাদকর্মী অ্যাক্রিডিটেশন কার্ড নবায়নের জন্য আবেদন করবেন না, তথ্য অধিদফতর তাদের কার্ড স্থগিত করবে এবং মেয়াদ উত্তীর্ণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নবায়নের আবেদন না করলে তথ্য অধিদফতর নোটিফিকেশনের মাধ্যমে তাদের কার্ড আনুষ্ঠানিকভাবে বাতিল করবে।

১০। ফ্রিল্যান্স সাংবাদিকদের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের নিয়মাবলি

১০.১। অবসরপ্রাপ্ত অভিজ্ঞ সম্পাদক, বরেণ্য সাংবাদিক/কলামিস্টগণ ফ্রিল্যান্স সাংবাদিক হিসেবে অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন।

১০.২। ফ্রিল্যান্স সাংবাদিকগণ পেশাগত এবং প্রধান তথ্য অফিসার কর্তৃক নির্ধারিত অন্যান্য তথ্যাদি প্রদান সাপেক্ষে অস্থায়ী প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন।

১০.৩। ফ্রিল্যান্স কার্ড প্রাপ্তির ক্ষেত্রে মূলধারার গণমাধ্যম (Mainstream Media) - এ কমপক্ষে ১২ (বারো) বছরের সাংবাদিকতার অভিজ্ঞতা এবং মূলধারার গণমাধ্যমে বছরে অন্তত ১০ (দশ)টি প্রতিবেদন প্রচার বা প্রকাশের প্রমাণক দাখিল করতে হবে।

১০.৪। ফ্রিল্যান্স সাংবাদিক হিসেবে প্রথম অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাংবাদিকের আবেদন প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

১০.৫। ফ্রিল্যান্স সাংবাদিক স্থায়ী বা অস্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন। তবে স্থায়ী কার্ড প্রাপ্তির ক্ষেত্রে স্থায়ী কার্ড ইস্যু সংক্রান্ত নিয়মাবলি অনুসরণ করতে হবে।

১১। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির সংখ্যা নির্ধারণ

১১.১। গণমাধ্যমের প্রচার, গ্রাহক, ভিউয়ারস ও পৃষ্ঠা সংখ্যা, প্রকাশের স্থান এবং কনটেন্টের ধরন ইত্যাদি বিবেচনা করে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের সংখ্যা নিম্নলিখিতভাবে নির্ধারণ করা হলো:

**১১.১.১। সংবাদপত্র**

| ক্রম | সংবাদপত্রের ধরন | প্রকাশের স্থান | দৈনিক প্রচার সংখ্যা | পৃষ্ঠা সংখ্যা | সর্বোচ্চ কার্ড প্রাপ্তির সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | স্থায়ী | অস্থায়ী | মোট |
| (ক) | দৈনিক সংবাদপত্র (বাংলা) | ঢাকা | অ) ০১ লাখ ৫০ হাজার ০১ বা তদূর্ধ্ব | ১৬ - ২৪ পৃষ্ঠা | ০৫ | ১১ | ১৬ |
| | | | | ১২ পৃষ্ঠা | ০২ | ০৬ | ০৮ |
| | | | | ০৮ পৃষ্ঠা | ০১ | ০৪ | ০৫ |
| | | | আ) ০১ লাখ ০১ থেকে ০১ লাখ ৫০ হাজার পর্যন্ত | ১৬ - ২৪ পৃষ্ঠা | ০৪ | ০৮ | ১২ |
| | | | | ১২ পৃষ্ঠা | ০২ | ০৫ | ০৭ |
| | | | | ০৮ পৃষ্ঠা | ০১ | ০৩ | ০৪ |
| | | | ই) ৫০ হাজার ০১ থেকে ০১ লাখ পর্যন্ত | ১৬ - ২৪ পৃষ্ঠা | ০২ | ০৬ | ০৮ |
| | | | | ১২ পৃষ্ঠা | ০১ | ০৪ | ০৫ |
| | | | | ০৮ পৃষ্ঠা | ০১ | ০২ | ০৩ |

| ক্রম | সংবাদপত্রের ধরন | প্রকাশের স্থান | দৈনিক প্রচার সংখ্যা | পৃষ্ঠা সংখ্যা | সর্বোচ্চ কার্ড প্রাপ্তির সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | স্থায়ী | অস্থায়ী | মোট |
| | | | ঈ) ৩০ হাজার ০১ থেকে ৫০ হাজার | ১৬ - ২৪ পৃষ্ঠা | ০১ | ০৩ | ০৪ |
| | | | | ১২ পৃষ্ঠা | ০১ | ০২ | ০৩ |
| | | | | ৮ পৃষ্ঠা | ০১ | ০১ | ০২ |
| | | | উ) ০৬ হাজার থেকে ৩০ হাজার পর্যন্ত | ন্যূনতম ০৪ পৃষ্ঠা | ০০ | ০১ | ০১ |
| | | বিভাগীয় শহর | ঊ) ৫০ হাজার ০১ ও তদূর্ধ্ব | ন্যূনতম ০৪ পৃষ্ঠা | ০২ | ০৬ | ০৮ |
| | | | ঋ) ২০ হাজার ০১ থেকে ৫০ হাজার পর্যন্ত | ন্যূনতম ০৪ পৃষ্ঠা | ০১ | ০৩ | ০৪ |
| | | | এ) ৩ হাজার থেকে ২০ হাজার পর্যন্ত | ন্যূনতম ০৪ পৃষ্ঠা | ০১ | ০১ | ০২ |
| | | ঢাকার বাইরে জেলা | ঐ) ৩ হাজার থেকে ২০ হাজার পর্যন্ত | ন্যূনতম ০৪ পৃষ্ঠা | ০১ | ০১ | ০২ |

| ক্রম | সংবাদপত্রের ধরন | প্রকাশের স্থান | দৈনিক প্রচার সংখ্যা | পৃষ্ঠা সংখ্যা | সর্বোচ্চ কার্ড প্রাপ্তির সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | স্থায়ী | অস্থায়ী | মোট |
| (খ) | দৈনিক সংবাদপত্র (ইংরেজি) | ঢাকা | অ) ২৫ হাজার ০১ থেকে তদূর্ধ্ব | ১৬-২৪ পৃষ্ঠা | ০৩ | ০৯ | ১২ |
| | | | | ১২ পৃষ্ঠা | ০২ | ০৬ | ০৮ |
| | | | | ০৮ পৃষ্ঠা | ০১ | ০৪ | ০৫ |
| | | | আ) ১৫ হাজার ০১ থেকে ২৫ হাজার পর্যন্ত | ১৬-২৪ পৃষ্ঠা | ০২ | ০৬ | ০৮ |
| | | | | ১২ পৃষ্ঠা | ০১ | ০৪ | ০৫ |
| | | | | ০৮ পৃষ্ঠা | ০১ | ০২ | ০৩ |
| | | | ই) ১০ হাজার ০১ থেকে ১৫ হাজার পর্যন্ত | ১৬-২৪ পৃষ্ঠা | ০১ | ০৩ | ০৪ |
| | | | | ১২ পৃষ্ঠা | ০১ | ০২ | ০৩ |
| | | | | ০৮ পৃষ্ঠা | ০১ | ০১ | ০২ |
| | | | ঈ) ০৬ হাজার ০১ থেকে ১০ হাজার পর্যন্ত | ন্যূনতম ০৪ পৃষ্ঠা | ০০ | ০১ | ০১ |
| | | বিভাগীয় শহর | উ) ০৫ হাজার থেকে ২০ হাজার পর্যন্ত | ন্যূনতম ০৪ পৃষ্ঠা | ০১ | ০১ | ০১ |
| | | ঢাকার বাইরে জেলা | ঊ) ০৩ হাজার বা তদূর্ধ্ব | ন্যূনতম ০৪ পৃষ্ঠা | ০০ | ০১ | ০১ |

| ক্রম | সংবাদপত্রের ধরন | প্রকাশের স্থান | দৈনিক প্রচার সংখ্যা | পৃষ্ঠা সংখ্যা | সর্বোচ্চ কার্ড প্রাপ্তির সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | স্থায়ী | অস্থায়ী | মোট |
| (গ) | সাপ্তাহিক সংবাদপত্র (বাংলা/ ইংরেজি) | ঢাকা | অ) ৪০ হাজার ০১ এবং তদূর্ধ্ব | ন্যূনতম ০৮ পৃষ্ঠা | ০১ | ০২ | ০৩ |
| | | | আ) ০৩ হাজার থেকে ৪০ হাজার পর্যন্ত | ন্যূনতম ০৮ পৃষ্ঠা | ০১ | ০১ | ০২ |
| | | বিভাগীয় শহর | ই) ০২ হাজার এবং তদূর্ধ্ব | ন্যূনতম ০৮ পৃষ্ঠা | ০০ | ০১ | ০১ |
| | | ঢাকার বাইরে জেলা | ঈ) ০৩ হাজার এবং তদূর্ধ্ব | ন্যূনতম ০৮ পৃষ্ঠা | ০০ | ০১ | ০১ |
| (ঘ) | পাক্ষিক সংবাদপত্র | বাংলাদেশের যে কোনো স্থান | ০৩ হাজার বা তদূর্ধ্ব | ন্যূনতম ০৮ পৃষ্ঠা | ০০ | ০১ | ০১ |
| (ঙ) | মাসিক সংবাদপত্র | বাংলাদেশের যে কোনো স্থান | ০৩ হাজার বা তদূর্ধ্ব | ন্যূনতম ০৮ পৃষ্ঠা | ০০ | ০১ | ০১ |

**১১.১.২। সংবাদ সংস্থা/ এজেন্সি**

| ক্রম | সংবাদ সংস্থা/ এজেন্সির ধরন | গ্রাহক সংখ্যা | সর্বোচ্চ কার্ড প্রাপ্তির সংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| | | | স্থায়ী | অস্থায়ী | মোট |
| (ক) | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) | প্রযোজ্য নয় | ০৫ | ১৫ | ২০ |
| (খ) | বেসরকারি সংবাদ সংস্থা | অ) টেলিগ্রাফ/ ইলেক্ট্রনিক/ ইন্টারনেটের মাধ্যমে কমপক্ষে ৩০টি গ্রাহককে বাংলায় এবং ২০টি গ্রাহককে ইংরেজিতে সংবাদ সরবরাহকারী | ০৩ | ০৫ | ০৮ |
| | | আ) টেলিগ্রাফ/ ইলেক্ট্রনিক/ ইন্টারনেটের মাধ্যমে কমপক্ষে ২০টি গ্রাহককে বাংলায় এবং ১০টি গ্রাহককে ইংরেজিতে সংবাদ সরবরাহকারী | ০১ | ০৪ | ০৫ |
| (গ) | বেসরকারি ফটো এজেন্সি | কমপক্ষে ১০টি গ্রাহককে ফটো সরবরাহকারী | ০১ | ০২ | ০৩ |
| (ঘ) | বেসরকারি ফিচার এজেন্সি | কমপক্ষে ১০টি গ্রাহককে ফিচার সরবরাহকারী | ০১ | ০২ | ০৩ |

## ১১.১.৩। টেলিভিশন চ্যানেল

| **ক্রম** | **চ্যানেলের ধরন** | **কনটেন্টের ধরন** | **সর্বোচ্চ কার্ড প্রাপ্তির সংখ্যা** | | |
|---|---|---|---|---|---|
| | | | স্থায়ী | অস্থায়ী | মোট |
| (ক) | বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) | প্রযোজ্য নয় | ০৫ | ২০ | ২৫ |
| (খ) | বেসরকারি টেলিভিশন | অ) শুধু সংবাদভিত্তিক চ্যানেলের জন্য | ০৪ | ১১ | ১৫ |
| | | আ) সংবাদ ও অনুষ্ঠানভিত্তিক মিক্স চ্যানেলের জন্য | ০৩ | ০৭ | ১০ |
| | | ই) শুধু অনুষ্ঠানভিত্তিক প্রোগ্রাম চ্যানেলের জন্য | ০১ | ০৩ | ০৪ |
| | | ঈ) ফিচার চ্যানেলের জন্য | ০১ | ০৩ | ০৪ |
| | | উ) স্পোর্টস চ্যানেলের জন্য | ০১ | ০৩ | ০৪ |

## ১১.১.৪। বেতার

| ক্রম | সরকারি/বেসরকারি রেডিও'র ধরন | কনটেন্টের ধরন | সর্বোচ্চ কার্ড প্রাপ্তির সংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| | | | স্থায়ী | অস্থায়ী | মোট |
| (ক) | বাংলাদেশ বেতার | প্রযোজ্য নয় | ০৫ | ১০ | ১৫ |
| (খ) | বেসরকারি বেতার রেডিও | অ) সংবাদভিত্তিক এফএম রেডিও | ০১ | ০৪ | ০৫ |
| | | আ) সংবাদ ও অনুষ্ঠানভিত্তিক এফএম রেডিও | ০১ | ০২ | ০৩ |
| | | | | | |

## ১১.১.৫। অনলাইন নিউজ পোর্টাল / ডিজিটাল নিউজ পোর্টাল

| ক্রম | নিউজ পোর্টালের ধরন | ইউনিক ভিউয়ারস সংখ্যা (গুগল অ্যানালিটিকস অনুযায়ী) | সর্বোচ্চ কার্ড প্রাপ্তির সংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| | | | স্থায়ী | অস্থায়ী | মোট |
| (ক) | নিবন্ধিত অনলাইন নিউজ পোর্টাল/ ডিজিটাল নিউজ পোর্টাল | অ) ০৪ কোটি ০১ ও তদূর্ধ্ব | ০৩ | ০৩ | ০৬ |
| | | আ) ০৩ কোটি ০১ থেকে ০৪ কোটি | ০২ | ০৩ | ০৫ |
| | | ই) ০২ কোটি ০১ থেকে ০৩ কোটি | ০১ | ০৩ | ০৪ |

| ক্রম | নিউজ পোর্টালের ধরন | ইউনিক ভিউয়ারস সংখ্যা (গুগল অ্যানালিটিকস অনুযায়ী) | সর্বোচ্চ কার্ড প্রাপ্তির সংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| | | | স্থায়ী | অস্থায়ী | মোট |
| | | ঈ) ০১ কোটি ০১ থেকে ০২ কোটি | ০১ | ০২ | ০৩ |
| | | উ) ৫০ লাখ ০১ থেকে ০১ কোটি | ০১ | ০১ | ০২ |

১১.২। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির যোগ্যতার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট গণমাধ্যমের প্রচার, গ্রাহক, ভিউয়ারস ও পৃষ্ঠা সংখ্যা, প্রকাশের স্থান এবং কনটেন্টের ধরন ইত্যাদি বিবেচনা করে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি ইস্যুকৃত কার্ডের সংখ্যা প্রয়োজন অনুযায়ী পুনঃনির্ধারণ করবে।

১১.৩। কোনো গণমাধ্যম প্রতিষ্ঠান নির্ধারিত কোটার অতিরিক্ত কার্ড প্রাপ্য হবেন না।

## ১২। বিশেষ বিধান

১২.১। এস.আর.ও নং ৪২-এল/৮৬ তারিখ ২৬.০১.১৯৮৬ এবং তথ্য অধিদফতরের প্রোটকল নং- ৮/৯৩(অংশ-৩)/৭৫৬, ১৬.০৩.২০০৯-এর অধীনে প্রেরিত বাংলায় অনূদিত 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০০৯' এতদ্বারা রহিত করা হলো ।

১২.২। উপঅনুচ্ছেদ ১২.১-এর অধীন, রহিতকরণ সত্ত্বেও, উক্ত নীতিমালার অধীনে সময়ে সময়ে প্রণীত ও জারিকৃত এবং এ নীতিমালা অব্যবহিত পূর্বের বলবৎ সিদ্ধান্তসমূহও 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২'-এর অধীনে প্রণীত হয়েছে বলে গণ্য হবে।

১২.৩। 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০০৯'-এর অধীনে কৃত কোনো কার্যক্রম বা গৃহীত ব্যবস্থা 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২' -এর অধীনে কৃত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

১২.৪। 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০০৯'-এর অধীনে গৃহীত কোনো কাজ বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকলে তা 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২'-এর নীতিমালার বিধান অনুসারে নিষ্পত্তি করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মকবুল হোসেন
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।
website: www.bgpress.gov.bd